ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ROSEDIN ● Vol. - 1 ● Issue - 182 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ৩৩৮ ● কলকাতা ● ০১ পৌষ, ১৪৩২ ● বুধবার ● ১৭ ডিসেম্বর ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

পর্ব 145

## হিমালয়ের সমর্পণ যোগ



'মরা, কিনা করা'- এরকম অবস্থা ছিল আমার।

পরে দেখলাম যে আস্তে আস্তে জল-প্রবাহের শব্দ আসছিল। আর আমরা যেমন যেমন আগে যাচ্ছিলাম, জলের আওয়াজ জোরে, আরও জোরে আসতে লাগল। আমি বুঝে গেলাম আমরা কোন জলীয় স্থানের দিকে যাচ্ছিলাম। অনেক ঘণ্টা যাবত আমরা চলছিলামই। **ক্রমশঃ**

# দায়িত্ব নিতে না পারলে এখনই ছেড়ে দিন", মুখ্যমন্ত্রী বার্তা দিতেই পদত্যাগ করলেন ক্রীড়া মন্ত্রী অরুপ বিশ্বাস



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

গত ১৩ ডিসেম্বর যুবভারতীতে মেসির অনুষ্ঠান ঘিরে তৈরি হওয়া বিশৃঙ্খলা ও স্টেডিয়াম ভাঙচুরের ঘটনায় এবার সরাসরি নবান্ন থেকে ক্ষোভ প্রকাশ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। নবান্ন সূত্রে খবর, এই ঘটনাকে কেন্দ্র করে রাজ্যের ক্রীড়া মন্ত্রী অরূপ বিশ্বাস এবং পুলিশের ভূমিকা নিয়ে তীব্র অসন্তোষ প্রকাশ করেছেন তিনি। নবান্ন সূত্রে খবর, মুখ্যমন্ত্রী অরূপ বিশ্বাস এবং রাজ্য পুলিশের ডিজির দিকে রাগ দেখিয়ে বলেন, যদি কেউ দায়িত্ব সামলাতে না পারেন, তাহলে এখনই তা জানিয়ে দায়িত্ব ছেড়ে দিতে পারেন। এই কড়া বার্তার পরই ক্রীড়ামন্ত্রীর পদ থেকে ইস্তফা দেন অরূপ বিশ্বাস। মুখ্যমন্ত্রী সেই ইস্তফায় অনুমোদন দিয়েছেন বলে নবান্ন সূত্রে খবর।এমনকি অরূপ বিশ্বাসকে দায়িত্ব ছাড়ার ইঙ্গিতও দেওয়া হয়েছে বলে সূত্রের দাবি।

কী অভিযোগ ক্রীড়া মন্ত্রীর বিরুদ্ধে?

এরপর ৬ পাতায়



# ঝাড়গ্রামে ভোটার তালিকা সংশোধন: বাদ পড়েছে ৫২ হাজারের বেশি নাম, শুনানিতে ডাকা হবে ১৫ হাজার ভোটার




**অরূপ ঘোষ,ঝাড়গ্রাম**

ঝাড়গ্রাম জেলায় ভোটার তালিকা সংশোধন প্রক্রিয়ায় উল্লেখযোগ্য পরিবর্তনের তথ্য প্রকাশ্যে এসেছে। জেলায় মোট ৫২,৭৮৬ জনের নাম ভোটার তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে। প্রশাসন সূত্রে জানা গিয়েছে, এর মধ্যে ১৫,৮২৫ জন মৃত ভোটার বলে চিহ্নিত হয়েছেন। মঙ্গলবার বিকেলে জেলা কালেক্টরেটে সাংবাদিকদের মুখোমুখি হয়ে জেলাশাসক ও জেলা নির্বাচনী আধিকারিক আকাঙ্ক্ষা ভাস্কর জানান, ভোটারদের অধিকার সুরক্ষিত রাখতে ১৫,১৪৯ জনকে শুনানির জন্য ডাকা হবে। তাঁর কথায়, "প্রত্যেক গ্রাম পঞ্চায়েত এলাকায় শুনানির আয়োজন করা হবে, যাতে সাধারণ মানুষকে দূরে যেতে না হয়। স্থানীয় ও পরিচিত জায়গাতেই শুনানি হবে। নির্বাচন কমিশনের নির্দেশ পেলেই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।"শুনানি ঘিরে অযথা আতঙ্ক বা গুজব না ছড়ানোর অনুরোধ জানিয়ে জেলাশাসক বলেন, "এসআইআর সংক্রান্ত বিষয়ে কেউ বিভ্রান্ত হবেন না। যাঁদের নাম খসড়া তালিকায় রয়েছে, তাঁদেরই শুনানিতে ডাকা হবে। প্রত্যেক বিএলও-র কাছে খসড়া ভোটার তালিকা রয়েছে। পাশাপাশি অনলাইনের মাধ্যমেও ভোটাররা নিজেদের নাম যাচাই করতে পারবেন।"এদিকে এদিন সকাল থেকেই অনলাইনে খসড়া ভোটার তালিকা দেখতে সাধারণ মানুষের মধ্যে তৎপরতা লক্ষ্য করা যায়। আমলাশোল এলাকার বিএলও সূরথ মাহাতো জানান, ব্লক অফিস থেকে এখনও হার্ড কপি হাতে পাননি। তাঁর কথায়, "সন্ধ্যায় ব্লকে তালিকা পৌঁছানোর কথা রয়েছে। আমরা আগামীকাল সংগ্রহ করব। তবে অনলাইনে ইতিমধ্যেই সমস্ত তথ্য দেখা যাচ্ছে।"অন্যদিকে জেলা তৃণমূল কংগ্রেসের সহ-সভাপতি প্রসূন ষড়ঙ্গী বলেন, "১৫,১৪৯ জনকে শুনানিতে ডাকা হবে। আমাদের প্রধান লক্ষ্য হল কোনও বৈধ ভোটার যেন তালিকা থেকে বাদ না পড়ে এবং প্রত্যেক যোগ্য নাগরিকের নাম ভোটার তালিকায় থাকে।"

# সাক্ষী ভোলা ঘোষকে 'খুনের ছক', শাহজাহানের ভগ্নিপতির বাড়িতেই হামলার নকশা!

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



**বসিরহাট:** কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা অভিযানে গিয়ে আক্রান্ত হওয়ায় ধৃত সন্দেশখালির তৃণমূল নেতা শেখ শাহজাহানের মামলার সাক্ষীকে খুনের চেষ্টার অভিযোগে তোলপাড় রাজ্য। ইতিমধ্যেই ঘটনায় জড়িত সন্দেহে তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। তবে, তাৎপর্যপূর্ণভাবে এই তিনজনের কারও নামই মূল সাক্ষী ভোলা ঘোষের এফআইআরে নেই।গত বছর ৫ জানুয়ারি ইডির উপর হামলার ঘটনায় নাম জড়িয়ে পড়ায় উত্তর ২৪ পরগণার বসিরহাট জেলা পুলিশের পক্ষ থেকে তাঁকে সাসপেন্ড করা হয়। কিন্তু প্রশ্ন উঠছে, সাসপেনশনের আগেই কীভাবে তিনি বাসন্তী হাইওয়ের ধারে প্রায় এক বিঘা জমির উপর বিশাল বাড়ি নির্মাণ করলেন? যার বাজারমূল্য কোটি কোটি টাকা বলে দাবি করছেন স্থানীয় বাসিন্দারা। এ নিয়ে এলাকাবাসীদের মধ্যে চাপা ক্ষোভও রয়েছে। তাঁদের প্রশ্ন, একজন ভিলেজ পুলিশ হয়ে কীভাবে এত বিপুল সম্পত্তির মালিক হলেন সাবির? শেখ শাহজাহানের মতো প্রভাবশালী ভগ্নিপতির ছত্রছায়ায় থেকেই কি তিনি অসৎ পথ অবলম্বন করেছিলেন? অভিযোগ আরও গুরুতর, কারণ সিবিআই-এর খাতায় নাম থাকলেও আজও অধরা সাবির আলি মোল্লা। স্থানীয়দের দাবি, পরশুদিন শেষবার সাবিরকে এলাকায় দেখা গিয়েছিল। তার পর থেকেই তিনি নিখোঁজ। যে বাড়িতে তিনি থাকতেন, সেখানে তালা ঝুলছে। এই পরিস্থিতিতে পলাতক সাবিরকে নিয়ে এলাকায় চাপা

এরপর ৪ পাতায়

# উত্তরপ্রদেশে SIR-এ ৪ কোটি নাম বাদ, অধিকাংশই বিজেপি ভোটার




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

SIR নিয়ে শুধু যে বিরোধীরা উদ্বিগ্ন তেমনটা নয়। এবার উদ্বেগের সুর শোনা গেল উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী তথা বিজেপির হিন্দুত্বের পোস্টার বয় যোগী আদিত্যনাথের গলায়। তিনি বলছেন, উত্তরপ্রদেশে নিবিড় সংশোধনের পর ভোটার তালিকা থেকে নাম বাদ যেতে পারে প্রায় ৪ কোটি।উল্লেখ্য, উত্তরপ্রদেশে শেষ মুহূর্তে SIR-এর সময়সীমা বাড়িয়েছে কমিশন। যোগীরাজ্যে খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে ৩১ ডিসেম্বর। যোগী চাইছেন ততদিন মাঠে নেমে কাজ করুক বিজেপি নেতারা। সেকারণেই দলের কর্মীদের ভয় দেখানোর চেষ্টা হচ্ছে।যার অধিকাংশই বিজেপি ভোটার। সূত্রের খবর, সদ্য বিজেপি নেতাদের এক বৈঠকে যোগী বলেছেন, "আপনারা গ্রামে গ্রামে যান। ভোটারদের ভেরিফিকেশনে সাহায্য করুন। যে সব ভোটারদের নাম বাদ যেতে পারে, তাঁদের খুঁজুন। কারণ, যে চার কোটি ভোটার নিখোঁজ বলে জানা গিয়েছে, তাঁদের অধিকাংশই বিজেপির ভোটার। এভাবে ৪ কোটি ভোটারের নাম বাদ যাওয়াটা সত্যিই উদ্বেগের।" তাতে সাফাইয়ের সুরে রাজ্যের মন্ত্রী দয়াশঙ্কর সিং বলেন, অনেকের গ্রাম ও শহর দু'জায়গাতেই ভোট ছিল।

এরপর ৫ পাতায়

# যুবভারতী কাণ্ডে ডিজি রাজীব কুমার-সহ তিন পুলিশ কর্তাকে শোকজ করল তদন্ত কমিটি

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



যুবভারতী স্টেডিয়ামের বিশৃঙ্খলার ঘটনায় কলকাতা পুলিশের ডিজি রাজীব কুমার-সহ একাধিক পদস্থ আধিকারিককে শোকজ করল মুখ্যমন্ত্রীর নির্দেশে গঠিত অবসরপ্রাপ্ত বিচারপতি অসীম কুমার রায়ের নেতৃত্বাধীন কমিটি। শোকজ করা হয়েছে বিধাননগর পুলিশ কমিশনার মুকেশ কুমার এবং ক্রীড়া দফতরের প্রধান সচিব রাজেশ কুমার সিনহাকেও।কমিটির সুপারিশ ছিল, ঘটনার পূর্ণাঙ্গ তদন্তে সিনিয়র পুলিশ অফিসারের নেতৃত্বে একটি বিশেষ তদন্তকারী দল (সিট) গঠন করা হোক। পাশাপাশি সেদিনের ঘটনায় পুলিশের ভূমিকা নিয়ে বিস্তারিত রিপোর্টও তলব করা হয়। এরপরই রাজ্য পুলিশের ডিজি-সহ তিন পদস্থ কর্তাকে শোকজ করা হল। একই সঙ্গে এক অফিসারের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত শুরুর নির্দেশ এবং অপর এক অবসরপ্রাপ্ত অফিসারকে যুবভারতীর দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হল।শোকজ করা হয়েছে বিধাননগর পুলিশ কমিশনার মুকেশ কুমার এবং ক্রীড়া দফতরের প্রধান সচিব রাজেশ কুমার সিনহা। এছাড়াও বিভাগীয় তদন্তের আওতায় আনা হয়েছে আইপিএস অনীশ সরকারকে (ডেপুটি পুলিশ কমিশনার)। অন্যদিকে যুবভারতী ক্রীড়াঙ্গনের সিইও অবসরপ্রাপ্ত ডব্লুইবিসিএস অফিসার দেবকুমার নন্দনকে দায়িত্ব থেকে বরখাস্ত করা হয়েছে। এছাড়াও কমিটির সুপারিশ মেনে চার অফিসারের নেতৃত্বে স্পেশ্যাল ইনভেসটিগেশন কমিটি বা সিট গঠন করা হয়েছে। কমিটিতে রয়েছেন- আইপিএস পীযূষ পাণ্ডে, আইপিএস জাভেদ শামিম, আইপিএস সুপ্রতীম সরকার এবং আইপিএস মুরলীধর।

কী কারণে গত শনিবার মেসির অনুষ্ঠানে বিশৃঙ্খলা, কেন তা মোকাবিলা করা সম্ভব হল না, এ ব্যাপারে আগামী ২৪ ঘণ্টার মধ্যে ডিজি রাজীব কুমার-সহ পুলিশ ও প্রশাসনের তিন কর্তাকে জবাবদিহি করতে বলা হয়েছে।

গত শনিবার যুবভারতীতে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আর্জেন্টাইন ফুটবল তারকা লিওনেল মেসি। কিন্তু মাত্র ২৩ মিনিটের মধ্যেই নিরাপত্তাজনিত কারণে মাঠ ছাড়তে হয় তাঁকে। অভিযোগ, রাজনৈতিক নেতা ও মন্ত্রীদের ভিড়ে দর্শকরা মেসিকে ঠিকমতো দেখতেই পাননি। হাজার হাজার টাকা দিয়ে টিকিট কেটে খালি হাতে ফিরে যেতে হয় বহু দর্শককে। পরিস্থিতি এতটাই উত্তপ্ত হয়ে ওঠে যে ক্ষুব্ধ দর্শকদের একাংশ স্টেডিয়ামে ভাঙচুর চালায়।

এই ঘটনার পর মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে গঠিত হয় উচ্চপর্যায়ের তদন্ত কমিটি। কমিটিতে ছিলেন অবসরপ্রাপ্ত বিচারপতি অসীম কুমার রায়, মুখ্যসচিব মনোজ পন্থ এবং স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী।



## সম্পাদকীয়

### পিএম সূর্য ঘর: মুফত বিজলী যোজনা ৭.৭ লক্ষ পরিবারের বিদ্যুৎ বিল শূন্যে নামিয়েছে


ভারত সরকার ২০২৪-এর ফেব্রুয়ারিতে পিএম সূর্য ঘর মুফত বিজলী যোজনা (পিএমএসজি: এমবিআই)-এর সূচনা করে- যার লক্ষ্য ২০২৬-২৭ অর্থবর্ষ নাগাদ ১ কোটি বসত বাড়িতে সৌর বিদ্যুৎ উৎপাদনের সরঞ্জাম বসানো। বরাদ্দ হয় ৭৫,০২১ কোটি টাকা। ৯.১২.২০২৫ তারিখ পর্যন্ত সারা দেশে এ ধরনের ১৯,৪৫,৭৫৮টি সরঞ্জাম সংস্থাপিত হয়েছে। উপকৃত হয়েছে ২৪,৩৫,১৯৬টি পরিবার। বাড়ির ছাদে সৌর বিদ্যুৎ উৎপাদনের সরঞ্জাম বসানোয় কেন্দ্রীয় আর্থিক সহায়তা ছাড়াও ৫.৭৫% সুদের হারে বন্ধকহীন ঋণ পাওয়া যায়। অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে থাকা পরিবারগুলির বাড়ির ছাদে এ ধরনের সরঞ্জাম বসানোর কাজে গতি আনতে নতুন ও পুনর্নবীকরণযোগ্য শক্তি মন্ত্রক সুনির্দিষ্ট নির্দেশিকা জারি করেছে।

সরকারের দেওয়া তথ্য অনুযায়ী এই প্রকল্প রূপায়ণের ফলে সারা দেশে মোট ৭,৭১,৫৮০টি পরিবারের বিদ্যুৎ বিল শূন্যে নেমে এসেছে। প্রদত্ত ভর্তুকির পরিমাণ ১৩,৯২৬ কোটি টাকার বেশি। এই প্রকল্পের আওতায় ঋণের জন্য ৮.৩ লক্ষের বেশি আবেদনে মঞ্জুরি দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গে এই প্রকল্পের আওতায় ১,১০৭টি বাড়িতে সৌর বিদ্যুৎ উৎপাদন সরঞ্জাম বসানো হয়েছে। রাজ্যে এই প্রকল্পে উপকৃত পরিবারের সংখ্যা ১,১৭০। ২০টি পরিবারের বিদ্যুৎ বিল নেমে এসেছে শূন্যে।

রাজ্যসভায় আজ এক প্রশ্নের লিখিত উত্তরে একথা জানিয়েছেন পুনর্নবীকরণযোগ্য শক্তি প্রতিমন্ত্রী শ্রী শ্রীপদ ইয়েসো নায়েক।

## বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ





**মৃত্যুঞ্জয় সরদার**

**(আটত্রিশতম পর্ব)**

তার প্রয়াণের কথা। বহু মানুষ আসেন তাঁকে শেষ দর্শন করার জন্য। কথিত আছে একসময় লোকনাথ মহাযোগে বসেন। সবাই নির্বাক হয়ে অশ্রুসজল চোখে এক দৃষ্টিতে চেয়ে থাকেন কখন বাবার মহাযোগ ভাঙ্গবে। কিন্তু ঐ মহাযোগ আর ভাঙেনি। শেষ পর্যন্ত ১১.৪৫ মিনিটে দেহ স্পর্শ করা হলে দেহ মাটিতে পড়ে যায়। বাংলা ১২৯৭

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(২ পাতার পর)

## সাক্ষী ভোলা ঘোষকে 'খুনের ছক', শাহজাহানের ভগ্নিপতির বাড়িতেই হামলার নকশা!

আতঙ্ক ও ক্ষোভ দুটোই বাড়ছে।উল্টে, তাঁর এফআইআরে নাম থাকা অন্যতম অভিযুক্ত তথা শাহজাহানের ভগ্নিপতি সাবির আলি মোল্লা দুর্ঘটনার পর থেকেই পলাতক। তাকে গ্রেপ্তার করতে পারেনি পুলিশ। এখানেই প্রশ্ন উঠছে, এফআইআরে নাম না থাকা ব্যক্তিদের গ্রেপ্তারের পাশাপাশি নাম থাকা ব্যক্তিরা কেন গ্রেপ্তার হচ্ছে না।

জানা গিয়েছে, বসিরহাটের ন্যাজাট থানার রাজবাড়ি আউটপোস্টে ভোলা ঘোষ যে আট জনের বিরুদ্ধে খুনের চেষ্টার অভিযোগ দায়ের করেছিলেন, তার মধ্যে অন্যতম সাবির আলি মোল্লা। তার পর থেকেই খোঁজ মিলছে না তাঁর। ভোলা ঘোষ লিখিত অভিযোগে সাবির আলি মোল্লা দাবি করেছেন, যে তাঁর উপর খুনের চেষ্টা পরিকল্পনার নীলনকশা তৈরি হয়েছিল সাবিরের বাড়িতেই। প্রায় তিন মাস আগে সেই পরিকল্পনা করা হয়। যে জায়গায় দুর্ঘটনাটি ঘটে, সেখান থেকে সাবিরের বাড়ির দূরত্ব মাত্র এক কিলোমিটার। ফলে সন্দেহ আরও জোরদার। শেখ শাহজাহানের ভগ্নিপতি সাবিরের বাড়ি তালতলা কুলুপাড়া এলাকায়। জানা গিয়েছে, সাবির আলি মোল্লা পেশায় ভিলেজ পুলিশ।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

অক্ষোভ্য পূর্বদিশার অধিপতি, এবং পালযুগের আক্রান্ত ও প্রত্যাঘাতরত মাতৃকাধর্মী বাঙালির কাছে এই অক্ষোভ্যকুলের দেবীরা বিশেষ করে মা কালীর একটি প্রোটোটাইপ হিসেবে উঠে আসছিলেন, মনে করা যায়।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সন্দেশখালির ভোলা ঘোষকে খুন করার চেষ্টার অভিযোগে গ্রেফতার নজরুল মোল্লা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

সন্দেশখালি:উত্তর ২৪ পরগনা জেলার সন্দেশখালির ভোলা ঘোষের এফআইআর এর নাম থাকা ব্যক্তিদের মধ্যে প্রথম গ্রেফতার নজরুল মোল্লা। শেখ শাহজাহান কেসের অন্যতম সাক্ষী ভোলা ঘোষকে খুন করার চেষ্টার অভিযোগে এবার গ্রেফতার হলেন নজরুল মোল্লা।ভোলা ঘোষের লিখিত অভিযোগে থাকা এক নম্বর নাম নজরুল মোল্লার।নজরুল মোল্লাকে গ্রেফতার করল ন্যাজাট থানার পুলিশ।



কিন্তু সেই ট্রাকের খালাসি গোলাম হোসেন মোল্লা গ্রেফতার হয়েছে। রবিবার তাঁকে বসিরহাট মহকুমা আদালতে পেশ করা হয়।তাকে হেফাজতে নিয়ে এই দুর্ঘটনার তদন্ত অনেকটা কিনারা করতে পারবে বলে মনে করছে বসিরহাট জেলা পুলিশ। ঘটনার দিন ওই খালাসি ট্রাকে ছিল কিনা তা খতিয়ে দেখছে পুলিশ। রবিবার গোলামকে হাসনাবাদ থানার খরমপুর এলাকা থেকে গ্রেফতার করা হয়। এর আগে ট্রাকের সম্পর্কে খোঁজখবর নিতে গিয়ে পুলিশ গোলামের কথা জানতে পারে। তারপর তার মোবাইলে নজরদারি শুরু হয়। লোকেশন ট্র্যাক করা শুরু হয় তার মোবাইলের। এরপর তাকে গ্রেফতার করা হয়। যদিও ধৃত ট্রাকখালাসির মা সাহিলা বিবি বলেন, যেদিন দুর্ঘটনার কবলে পরে ট্রাকটি,সেদিন গাড়িতে ডিউটিতে ছিল না গোলাম। এমনকি সে বাড়িতে বা এলাকাতেও ছিল না।পুলিশ এই প্রথম ভোলা ঘোষের লিখিত অভিযোগের মধ্যে একজনকে গ্রেফতার করল। এর আগে তিন জনকে গ্রেফতার করা হয়েছে।তারা ভোলা ঘোষের লিখিত অভিযোগে নাম ছিল না । এই নজরুল মোল্লার নাম ভোলা ঘোষের লিখিত অভিযোগে ছিল। পুলিশ মোট ওই গাড়ি দুর্ঘটনায় চারজনকে গ্রেফতার করল। মিনাখাঁ থানার ঘুসিঘাটা এলাকা থেকে সোমবার গভীর রাতে নজরুল মোল্লাকে গ্রেফতার করে পুলিশ। ধৃতকে মঙ্গলবার আদালতে পেশ করে তদন্তের স্বার্থে নিজেদের হেফাজতে নিয়েছে পুলিশ। ভোলা ঘোষের গাড়ি দুর্ঘটনার ঘটনায় ধৃত নজরুলের ভূমিকা কি তা খতিয়ে দেখছে পুলিশ। এর আগে একটি ভোলা ঘোষের গাড়িতে ধাক্কা দিয়েছিল তার খালাসিকে গ্রেফতার করে পুলিশ।ঘাতক ট্রাকের চালক আলিম মোল্লা সহ ৭ জন এখনো পলাতক ।

(২ পাতার পর)

## উত্তরপ্রদেশে SIR-এ ৪ কোটি নাম বাদ, অধিকাংশই বিজেপি ভোটার

সেগুলি বাদ যাওয়ায় এত ভোটার নিখোঁজ।

যোগীর এই উদ্বেগপ্রকাশ খানিকটা চমকপ্রদ। কারণ দেশের অন্যান্য অধিকাংশ রাজ্যে SIR নিয়ে বেশি উদ্বিগ্ন বিরোধী শিবির। সেখানে উত্তরপ্রদেশে বিজেপিই বেশি উদ্বেগে। যা শুনে সমাজবাদী পার্টি সুপ্রিমো অখিলেশ যাদবও কটাক্ষ করতে ছাড়েননি। তিনি বলছেন, "মনে হচ্ছে পিডিএ-র (পিছড়া, দলিত, আদিবাসী) প্রহরীরা এত কড়া পাহারা দিচ্ছেন, যে বিজেপি মনমতো ভোটচুরি করতে পারছে না। নিজেদের মতো চক্রান্ত করতে পারছে না।" অখিলেশের অভিযোগ, "বিজেপির অঙ্গুলিহেলনে গড়বড় করার জন্যই S I R ডেডলাইন বাড়িয়েছে নির্বাচন কমিশন। কিন্তু আমাদের প্রহরীরা এত কড়া পাহারা দিচ্ছেন যে কোনওরকম গড়বড় হবে না।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
রেজিস্ট্রেশন অনুযায়ী
এবার থেকে
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
রোজদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে

কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu Sardar
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)

Mobile : 9564382031

# রাষ্ট্রপতি ভবনে পরম বীর গ্যালারির উদ্বোধন করলেন রাষ্ট্রপতি

**নয়াদিল্লি, ১৬ ডিসেম্বর, ২০২৫**

রাষ্ট্রপতি ভবনে আজ বিজয় দিবস (ডিসেম্বর ১৬,২০২৫) উপলক্ষে পরম বীর গ্যালারির উদ্বোধন করলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।

এই গ্যালারিতে রয়েছে পরম বীর চক্রে সম্মানিত ২১ জনের সকলের প্রতিকৃতি। দেশকে রক্ষা করতে যে বীর সন্তানরা অদম্য সাহসের দৃষ্টান্ত স্থাপন করে গেছেন, তাঁদের সম্পর্কে দর্শকদের আরও ভালোভাবে অবহিত করে তুলতেই এই গ্যালারি তৈরি করা হয়েছে। দেশমাতৃকার সেবায় যাঁরা আত্মবলিদান করেছেন, তাঁদের প্রতি শ্রদ্ধার অর্ঘ্য এই গ্যালারি।

এই গ্যালারি যেখানে তৈরি হয়েছে সেখানে আগে ছিল ব্রিটিশ কর্তাদের একাধিক ছবি। দাসত্বের মনোভাব দূর করে দেশের সমৃদ্ধ সংস্কৃতি ও ঐতিহ্যের প্রতি শ্রদ্ধাশীল হওয়ার যাত্রায় এই গ্যালারির নির্মাণ এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

পরম বীর চক্র ভারতের সর্বোচ্চ সামরিক সম্মান। শৌর্য ও সাহসিকতার অতুলনীয় দৃষ্টান্ত স্থাপনের স্বীকৃতিতে এই সম্মান দেওয়া হয়।

# বিজয় দিবস উপলক্ষে বীর সৈন্যদের প্রতি প্রধানমন্ত্রীর শ্রদ্ধার্ঘ্য



**নয়াদিল্লি, ১৬ ডিসেম্বর, ২০২৫**

১৯৭১ সালে যাঁদের আত্মত্যাগ ঐতিহাসিক জয় এনে দিয়েছিল, বিজয় দিবস উপলক্ষে দেশের সেইসব বীর যোদ্ধাদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী।

এক্স বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন,

"বিজয় দিবস উপলক্ষে আমরা বীর সৈন্যদের স্মরণ করে থাকি, যাঁদের সাহস ও আত্মত্যাগ ১৯৭১ সালে ঐতিহাসিক জয় এনে দিয়েছিল। তাঁদের দৃঢ় অঙ্গীকার ও নিঃস্বার্থ সেবা আমাদের দেশকে রক্ষা করেছিল এবং আমাদের ইতিহাসে এক গর্বের মুহূর্তকে খোদাই করে রেখেছে। এই দিনটি হ'ল – তাঁদের শৌর্যকে কুর্নিশ করা এবং অতুলনীয় চেতনাকে স্মরণ করার দিন। তাঁদের বীরত্ব প্রজন্মের পর প্রজন্ম ধরে ভারতীয়দের প্রেরণা জুগিয়ে যাবে।"

(১ম পাতার পর)

# দায়িত্ব নিতে না পারলে এখনই ছেড়ে দিন", মুখ্যমন্ত্রী বার্তা দিতেই পদত্যাগ করলেন ক্রীড়া মন্ত্রী অরূপ বিশ্বাস

মেসির অনুষ্ঠানে একাধিক বিশৃঙ্খলার অভিযোগ উঠেছে। অনুষ্ঠান চলাকালীন স্টেডিয়ামের ভাঙচুর এবং অব্যবস্থাপনা নিয়ে জনরোষের মুখে পড়েন ক্রীড়া মন্ত্রী অরূপ বিশ্বাস । মেসির সঙ্গে বিভিন্ন ছবি ও ভিডিও সামনে আসে, যেখানে দেখা যায় মাঠ ঘোরার সময় ছবি তোলার জন্য লোকজন ডেকে আনছিলেন অরূপ বিশ্বাস। সূত্রের দাবি, মেসিকে ঘিরে অতিরিক্ত ভিড় এবং অনিয়ন্ত্রিত পরিস্থিতির জন্য সমালোচনা বাড়তে থাকে।

এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের যাওয়ার কথা থাকলেও তিনি যাননি। এরপরই নবান্ন সূত্রে জানা যায়, সোমবার অরূপ বিশ্বাসের সঙ্গে মুখ্যমন্ত্রীর দু'বার সাক্ষাৎ হয়। প্রথমবার নবান্নে সাক্ষাৎ হলেও মুখ্যমন্ত্রী তাঁর দিকে তাকাননি বলেই খবর সূত্রের। সেই বৈঠকেই অসন্তোষ স্পষ্ট হয়ে ওঠে।

এরপর দ্বিতীয়বার নবান্ন সভাগরে গঙ্গাসাগর মেলা নিয়ে রিভিউ বৈঠক হয়। সেই বৈঠকে মুখ্যমন্ত্রী স্পষ্টভাবে 'ভিআইপি কালচার বন্ধ করার' প্রসঙ্গ তোলেন। সূত্রের খবর, এই বৈঠকের পর আলাদা করে ক্রীড়া মন্ত্রী অরূপ বিশ্বাস , রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার, একাধিক পুলিশ আধিকারিক, কয়েকজন মন্ত্রী, বিধায়ক ও সাংসদের উপস্থিতিতে কড়া ভাষায় ক্ষোভ উগরে দেন মুখ্যমন্ত্রী।

# ভারত-জর্ডন বাণিজ্য ফোরামে প্রধানমন্ত্রী ও মহামান্য রাজা দ্বিতীয় আব্দুল্লার ভাষণ

**নয়াদিল্লি, ১৬ ডিসেম্বর, ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং মহামান্য রাজা দ্বিতীয় আব্দুল্লা আজ আম্মানে ভারত-জর্ডন বাণিজ্য ফোরামে ভাষণ দেন। জর্ডনের বাণিজ্য এবং শিল্প মন্ত্রীও এই ফোরামে উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রী মোদী এবং জর্ডনের রাজা দু'জনই দুই দেশের মধ্যে ব্যবসায়িক বোঝাপড়া বৃদ্ধির উপর জোর দেন। জর্ডনের মুক্ত বাণিজ্য চুক্তি এবং ভারতের আর্থিক শক্তির উপর ভিত্তি করে দক্ষিণ এশিয়া ও পূর্ব এশিয়ায় আর্থিক করিডর গড়ে তোলার উপর জোর দেন রাজা আব্দুল্লা।

ফোরামে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী মোদী ভারত ও জর্ডনের মধ্যে প্রাণবন্ত অংশীদারিত্বের কথা তুলে ধরেন এবং দু'দেশের সভ্যতার মধ্যে দীর্ঘ যোগসূত্রের কথা উল্লেখ করেন। আগামী পাঁচ বছরে জর্ডনের সঙ্গে দ্বিপাক্ষিক বাণিজ্য দ্বিগুণ বাড়িয়ে ৫ বিলিয়ন ডলারে নিয়ে যাওয়ার বার্তা দেন শ্রী মোদী। এ প্রসঙ্গে বিশ্বের সবচেয়ে দ্রুত বিকাশশীল এবং তৃতীয় বৃহত্তম আর্থিক শক্তির দেশ হিসেবে ভারতের উত্থানের কথা তুলে ধরেন তিনি। ভারতে বিপুল ব্যবসায়িক সম্ভাবনার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, ১৪০ কোটি মানুষের দেশের ব্যবসায়িক সম্ভাবনাকে কাজে লাগাতে পারে জর্ডন।

ডিজিটাল গণপরিকাঠামো, তথ্য প্রযুক্তি, ফিনটেক, স্বাস্থ্য প্রযুক্তি এবং কৃষি প্রযুক্তির ক্ষেত্রে দুই দেশের স্টার্টআপ-গুলিকে হাতে হাত মিলিয়ে কাজ করার পরামর্শ দেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, ওষুধ এবং চিকিৎসা সামগ্রীর ক্ষেত্রে ভারত যথেষ্ট শক্তিশালী। অন্যদিকে, জর্ডনের ভৌগোলিক অবস্থানগত সুবিধা রয়েছে। ভারতের শক্তি এবং জর্ডনের এই অবস্থানকে কাজে লাগিয়ে দুই দেশ একে-অপরের পরিপূরক হয়ে উঠতে পারে। এছাড়া, কৃষি, খাদ্য, সার, পরিকাঠামো, গাড়ি শিল্প, পরিবেশ-বান্ধব গাড়ি, পর্যটন প্রভৃতি ক্ষেত্রে দুই দেশের মধ্যে সহযোগিতার উপর জোর দেন তিনি।

পরিকাঠামো, স্বাস্থ্য, ওষুধ, সার, কৃষি, পুনর্নবীকরণযোগ্য শক্তি, বস্ত্র, প্রতিরক্ষা এবং উৎপাদন শিল্পের সঙ্গে যুক্ত দুই দেশের ব্যবসায়িক নেতৃবৃন্দ এই ফোরামে উপস্থিত ছিলেন।

# সিনেমার খবর

## কর্মঘণ্টা বিতর্কে সরব মাধুরী

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



বলিউডের সিনেমায় কর্মঘণ্টা নিয়ে চলমান বিতর্কে এবার শামিল হয়েছেন নব্বই দশকের নায়িকা মাধুরী দীক্ষিত। অভিনেত্রী বলেছেন- কে কত ঘণ্টা কাজ করবেন, সেই সিদ্ধান্ত নেওয়ার স্বাধীনতা প্রত্যেক শিল্পীর নিজের এখতিয়ারে থাকা উচিত।

এনডিটিভি লিখেছে- মাস দুয়েক আগে আট ঘণ্টার শুটিং শিফটের দাবি করে ‘পুরুষতান্ত্রিক সিনেমাদুনিয়া’কে নাড়িয়ে দেন এ সময়ে শীর্ষ পারিশ্রমিক নেওয়া নায়িকাদের একজন দীপিকা পাড়ুকোন।

চড়া পারিশ্রমিক ও কর্মঘণ্টা নিয়ে শর্ত বেঁধে দেওয়ার জেরে দুইটি সিনেমা থেকে বাদ পড়েন দীপিকা। এর মধ্যে একটি পরিচালক সন্দীপ রেড্ডি ভাঙ্গার ‘স্পিরিট’; যেখানে দীপিকার বিপরীতে ছিলেন দক্ষিণী নায়ক প্রভাস। আরেকটি হল নাগ অশ্বিনের ‘কল্কি ২৮৯৮ এডি’ সিনেমার দ্বিতীয় কিস্তি।

দীপিকার হাত থেকে সিনেমা চলে যাওয়ার ঘটনার পর দীর্ঘ কর্মঘণ্টা ও পারিশ্রমিক নিয়ে বলিউড ইন্ডাস্ট্রির কয়েক প্রজন্মের অভিনয় শিল্পীদের মধ্যে পক্ষ-বিপক্ষ তৈরি হয়েছে। কেউ দীপিকাকে সমর্থন করেছেন। কেউ বা সৃজনশীল কাজে বাঁধাধরা সময় রাখার বিপক্ষে মত দিয়েছেন।

সেই আলোচনার সূত্র ধরে নিজস্ব মতামত জানিয়েছেন মাধুরী। মাধুরীকে দেখা যাবে নতুন সিরিজ ‘মিসেস দেশপাণ্ডে’। সিরিজের শুটিং অভিজ্ঞতা তুলে ধরে মাধুরী বলেন, যখন আমরা ‘মিসেস দেশপাণ্ডে’ সিরিজে কাজ করেছি, আমাদের প্রতিদিন ১২ ঘণ্টা শিফটে কাজ করতে হয়েছে। কখনও কখনও তারও বেশি। তাই প্রত্যেকের পছন্দই আলাদা।

মাধুরীর কথায়, কাজের ঘণ্টা ঠিক করার স্বাধীনতা ব্যক্তিগত হওয়া উচিত এবং কোনো অভিনেতাকে নির্দিষ্ট মানদণ্ডে বাধ্য করা উচিৎ নয়।

নায়িকাদের পারিশ্রমিক বাড়ানোর জন্য সোচ্চার হয়েছেন মাধুরী। তিনি বলেন, শুধু ফিল্ম ইন্ডাস্ট্রি নয়, বেতন বৈষম্য প্রতিটা কর্পোরেট সেক্টরে দেখা যায়।

## মা হওয়ার পর প্রথমবার শুটিং সেটে কিয়ারা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



মাতৃত্বের আনন্দে ডুবে ছিলেন কয়েক মাস। অবশেষে বিরতি কাটিয়ে আবারও কাজের দুনিয়ায় ফিরলেন বলিউড অভিনেত্রী কিয়ারা আদভানি। চলতি বছরের জুলাইয়ে কন্যা সায়ারার জন্মের পর এই প্রথমবার শুটিং সেটে দেখা গেল তাঁকে।

অন্তঃসত্ত্বা অবস্থায় প্রায় পাঁচ মাস পর্যন্ত নিয়মিত কাজ করেছেন কিয়ারা। তারপর পুরোপুরি নিজেকে গুটিয়ে নিয়েছিলেন তিনি। চিকিৎসকের কাছে যাওয়া ছাড়া কোথাও দেখা যাচ্ছিল না নতুন মা-কে।

কিছুদিন আগেই ইনস্টাগ্রামে নিজের একটি ছবি শেয়ার করে ক্যাপশনে লেখেন,'এর পরের ধাপ আরও বেশি তপ্ত হবে।'

সেই পোস্টেই আন্দাজ করা যাচ্ছিল, শুটিংয়ে ফিরছেন তিনি। ঠিক দুপুরেই দেখা মিলল পুরোনো ফিট অবতারের কিয়ারার। স্টাইলিশ লুকে শুটিং স্পটে হাজির হয়েই সোশ্যাল মিডিয়ায় ট্রেন্ডে উঠে আসেন তিনি।

এক বিজ্ঞাপনী ভিডিওর শুটিং করছেন কিয়ারা। সেটে উপস্থিত সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে কন্যা সায়ারার কথাও জানাতে ভোলেননি তিনি। অভিনেত্রী বলেন, মেয়ে ভালো আছে।'

## শুধু লালগালিচায় হাঁটা নয়, জেদ্দায় নেতৃত্ব দিচ্ছেন আনা-ঐশ্বরিয়ারা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

নায়িকারা শুধু লালগালিচায় হাঁটবেন, অনুষ্ঠানের সৌন্দর্য বাড়াবেন—এমনটাই ছিল প্রচলিত ধারণা। কিন্তু এবার এটির ব্যতিক্রম দেখা গেছে সৌদি আরবের জেদ্দায় অনুষ্ঠিত রেড সি ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যালের পঞ্চম আসরে। যেখানে অভিনেত্রীরা শুধু অনুষ্ঠানের সৌন্দর্য বাড়ানোয় নয়, বরং রীতিমতো নেতৃত্ব দিতে দেখা গেছে তাদের।

ফেস্টিভ্যালের তৃতীয় দিনের শুরুতে দর্শকদের শুভেচ্ছা জানিয়ে মঞ্চে আসেন বলিউড অভিনেত্রী ঐশ্বরিয়া রাই বচ্চন। মাতৃত্ব ও ক্যারিয়ার সামলানোর ব্যক্তিগত অভিজ্ঞতা, বিশ্বসুন্দরী খেতাব নিয়ে তার ভাবনা এবং সামাজিক যোগাযোগমাধ্যমে নিজের অবস্থান নিয়ে খোলাখুলি কথা বলেন তিনি। ঐশ্বরিয়ার মতে, নিরাপত্তাহীনতা কখনো তার চালিকাশক্তি ছিল না, বরং সততা ও দৃঢ়তাই তাকে পথ দেখিয়েছে।

অন্যদিকে হলিউড অভিনেত্রী আনা দে আরমাস ছিলেন পুরোপুরি বাস্তববাদী। হাভানা থেকে মাদ্রিদ হয়ে হলিউডে প্রতিষ্ঠা পাওয়ার যাত্রা, ভাষার বাধা, কঠিন সময় নিয়ে কথা বলেন তিনি। চরিত্রের প্রস্তুতি, পর্যবেক্ষণ ও পরিশ্রম নিয়ে তার শিল্পভিত্তিক আলোচনা শিক্ষার্থী ও তরুণ নির্মাতাদের বিশেষভাবে অনুপ্রাণিত করেছে।

মার্কিন সংগীতশিল্পী ও অভিনেত্রী কুইন লতিফা উৎসবে যোগ করেন প্রতিনিধিত্ব ও শিল্পে নারী নেতৃত্বের নতুন দৃষ্টিভঙ্গি। তিনি কথা বলেন সহযোগিতা এবং শিল্পে নারীর কণ্ঠ শক্তিশালী করার প্রয়োজনীয়তা নিয়ে। তার বক্তব্যে উঠে আসে একজন নারীর সাফল্য মানে অন্য নারীর জন্য নতুন দরজা খুলে দেওয়া।

প্রসঙ্গত, গত ৪ ডিসেম্বর জেদ্দায় বসেছে রেড সি ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যালের পঞ্চম আসর। এবারের আয়োজনে ‘সিনেমার প্রতি ভালোবাসা’ স্লোগানে প্রদর্শিত হচ্ছে বিশ্বের বিভিন্ন দেশের ১১১ সিনেমা।

# চোটে আবারও দীর্ঘ সময় মাঠের বাইরে মিলিতাও

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

টানা চোটের দুর্ভাগ্য যেন পিছু ছাড়ছে না এদার মিলিতাওয়ের। বাঁ পায়ের বাইসেপস ফেমোরিস পেশিতে নতুন করে ছিঁড় ধরা পড়ায় রিয়াল মাদ্রিদ ডিফেন্ডারকে এবার কমপক্ষে ৪-৫ মাস মাঠের বাইরে থাকতে হবে। আজ বিবৃতিতে এমনটাই জানিয়েছে স্প্যানিশ জায়ান্টরা।

এর ফলে সামনে থাকা মৌসুমের বড় অংশ মিস করার পাশাপাশি মিলিতাও শঙ্কায় পড়ে গেছেন ২০২৬ বিশ্বকাপ নিয়েও।

২৩৪ দিন মাঠের বাইরে থাকার পর ২০২৪-২৫ মৌসুমে মাত্রই মাঠে ফিরেছিলেন মিলিতাও। এর আগে ২০২৩-২৪ মৌসুমেও ২১৪ দিনের মতো সময় কাটাতে হয়েছিল পুনর্বাসনে।



এই সময়ে ক্লাব ও জাতীয় দল মিলিয়ে তিনি মিস করেছেন ৫৫টি ম্যাচ।

চোট এতটাই গভীরভাবে আঘাত করেছে তাকে যে আগেও ফুটবল ছাড়ার কথা ভেবেছিলেন ব্রাজিলিয়ান এই তারকা।

গত রবিবার রিয়াল মাদ্রিদ ২-০ গোলে হারে সেলটা ভিগোর কাছে। ম্যাচটিতে মাত্র ২৪ মিনিট খেলেই মাঠ ছাড়তে বাধ্য হন মিলিতাও। কাঁধে ভর দিয়ে মাঠ ছাড়ার সেই দৃশ্য আশঙ্কা বাড়িয়ে দিয়েছিল আগেই।

২০২৪-২৫ মৌসুম রিয়ালের জন্য ছিল দুঃস্বপ্নের মতো, ট্রফি ছাড়াই শেষ করেছে মৌসুম। নতুন বছরটা ভালোভাবে শুরু করলেও মিলিতাওয়ের চোট চিন্তা বাড়িয়েছে জাবি আলোনসোর দলের জন্য।

তবে ডিন হুইসেন, ট্রেন্ট আলেক্সান্ডার-আর্নল্ড, কেরেরাস ও রাউল অ্যাসেনসিওর মতো ডিফেন্ডার থাকায় রিয়াল কিছুটা হলেও নিশ্চিন্ত।

চোটের সময়সীমা যদিও পাঁচ মাস বলা হচ্ছে, কিন্তু পূর্ণ ফিটনেস ফিরে পেতে আরও বেশি সময় লাগতে পারে। সামনে ২০২৬ বিশ্বকাপ। আর সেখানেই বড় শঙ্কা মিলিতাওকে নিয়ে।

ব্রাজিল কোচ কার্লো আনচেলোত্তি স্পষ্ট জানিয়ে দিয়েছেন, ৯০ শতাংশ ফিট খেলোয়াড়ও আমার বিশ্বকাপ দলে থাকবে না।' এতে মিলিতাওকে ছাড়াই বিশ্বকাপে যেতে পারে ব্রাজিল।

# ভারতকে শাস্তি দিল আইসিসি



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

দক্ষিণ আফ্রিকার বিপক্ষে টেস্ট সিরিজ হারলেও ওয়ানডে সিরিজ দারুণভাবে জিতেছে ভারত। তবে সিরিজের দ্বিতীয় ওয়ানডের পর দলটির জন্য এল আরেক দুঃসংবাদ। রায়পুরে ৩ ডিসেম্বর অনুষ্ঠিত ম্যাচে 'স্লো ওভার রেট'-এর কারণে ভারতীয় দলকে শাস্তি দিয়েছে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি)।

আইসিসি জানিয়েছে, নির্ধারিত সময়ে দুই ওভার কম বল করায় ভারতীয় খেলোয়াড়দের ম্যাচ ফি'র ১০ শতাংশ জরিমানা করা হয়েছে। এই শাস্তি দিয়েছেন এমিরেটস আইসিসি এলিট প্যানেলের ম্যাচ রেফারি রিচি রিচার্ডসন। আইসিসি কোড অব কন্ডাক্টের ২.২২ অনুচ্ছেদ অনুযায়ী এই শাস্তি প্রযোজ্য হয়, যা ন্যূনতম ওভার রেট লঙ্ঘনের নিয়ম সম্পর্কিত।

নিয়ম অনুযায়ী, প্রতিটি কম ওভারের জন্য ম্যাচ ফি'র ৫ শতাংশ করে জরিমানা ধার্য করা হয়। ভারত দুই ওভার কম করায় জরিমানার পরিমাণ দাঁড়ায় ১০ শতাংশে। ম্যাচে অনিয়মিত অধিনায়ক হিসেবে দায়িত্ব পালন করা লোকেশ রাহুল অভিযোগ স্বীকার করে নেন, ফলে কোনও আনুষ্ঠানিক শুনানি প্রয়োজন হয়নি।

ম্যাচে ভারতের ব্যাটসম্যান বিরাট কোহলি (১০২) ও রুতুরাজ গায়কোয়াড় (১০৫) সেঞ্চুরি করলেও দলটি জয় পায়নি। দক্ষিণ আফ্রিকার অধিনায়ক এইডেন মার্করাম ৯৮ বলে ১১০ রানের অসাধারণ ইনিংস খেলে দলকে চার উইকেট হাতে রেখে লক্ষ্যে পৌঁছে দেন।

# এক ম্যাচ নিষেধাজ্ঞা কমলো দিয়াসের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আপিলের পর সুসংবাদ পেয়েছেন লুইস দিয়াস। চ্যাম্পিয়ন্স লিগে বায়ার্ন মিউনিখের তারকা উইঙ্গারের নিষেধাজ্ঞা এক ম্যাচ কমানো হয়েছে।

২৮ বছর বয়সী দিয়াসের শাস্তি কমানোর কথা জানায় ইউরোপিয়ান ফুটবলের নিয়ন্তা সংস্থা উয়েফা। তিন থেকে দুই ম্যাচে কমিয়ে আনা হয়েছে তার নিষেধাজ্ঞা। আগামী ২১ জানুয়ারি বেলজিয়ামের ক্লাব ইউনিয় সাঁ জিলোয়াজের বিপক্ষে চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচটিতে লুইস দিয়াসকে পাবে জার্মান চ্যাম্পিয়নরা।

গত ৫ নভেম্বর চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচে পিএসজির ডিফেন্ডার আশরাফ হাকিমিকে করা গুরুতর ফাউলের জন্য দিয়াসকে তিন



ম্যাচের নিষেধাজ্ঞা দেয় উয়েফা। প্রথমার্ধের যোগ করা সময়ে হাকিমিকে ফাউল করে লাল কার্ড দেখেন দিয়াস। পিএসজির মাঠে ২-১ ব্যবধানে বায়ার্নের জয়ের ম্যাচে দুটি গোলই করেন কলম্বিয়ান ফরোয়ার্ড।

নিষেধাজ্ঞার কারণে আর্সেনালের বিপক্ষে ৩-১ ব্যবধানে হেরে যাওয়া ম্যাচে খেলতে পারেননি দিয়াস। মঙ্গলবার (৯ ডিসেম্বর) পর্তুগিজ ক্লাব স্পোর্তিং লিসবনের বিপক্ষেও খেলতে পারবেন না তিনি।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR